৪ ডিসেম্বর ২০০৪, যুগান্তর

র‍্যাব পরিচয়ে চকরিয়ায় জুয়েলার্সের ১৫০ ভরি স্বর্ণ ডাকাতি

র‍্যাবের পোশাক পরিহিত মুখোশধারী সন্ত্রাসীরা গতকাল শুক্রবার সন্ধ্যায় চকরিয়ার এক জুয়েলার্সের মালিকের কাছ থেকে ১৫০ ভরির বেশি স্বর্ণ নিয়ে গেছে।

৯ ডিসেম্বর ২০০৪, জনকণ্ঠ

"পাঁচ হাজার টাকা চাইছি, দ্যায় নাইক্যা, তাই ক্রসফায়ারে ফালাইয়া দিছি": র‍্যাব সোর্স ইনসাফ

"তোর পোলার কাছে পাঁচ হাজার টাকা চাইছি, দ্যায় নাইক্যা? এবার দেখছোস তো র‍্যাবের ক্রসফায়ারে দিছি। এখন পোলার লাশ দেইখা ক্যামন লাগে?" ক্রসফায়ারে দীপু নিহত হওয়ার পর হাজারীবাগের আলোচিত র‍্যাব সোর্স ইনসাফ মোবাইল ফোনে এভাবেই বলেন দীপুর পরিবারকে।

৯ ডিসেম্বর ২০০৪, প্রথম আলো

রাজশাহীতে সাংবাদিককে র‍্যাব অফিসে ডেকে নিয়ে নির্যাতন

র‍্যাপিড একশন ব্যাটালিয়নের সদস্যরা গত মঙ্গলবার রাজশাহীর স্থানীয় দৈনিক সানশাইনের স্টাফ রিপোর্টার শফিকুল ইসলাম শফিককে ডেকে নিয়ে টানা ১২ ঘণ্টা শারীরিক ও মানসিক নির্যাতন চালিয়ে সর্বহারা হিসেবে স্বীকারোক্তি আদায় করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

৯ ডিসেম্বর ২০০৪, যুগান্তর

শ্রীনগরে র‍্যাবের পরিচয়ে ডাকাতি

মুন্সীগঞ্জ জেলার শ্রীনগরে র‍্যাবের পরিচয়ে এক আওয়ামী লীগ নেতার বাড়িতে দুর্ধর্ষ ডাকাতি হয়েছে। অস্ত্রের মুখে সবাইকে জিম্মি করে প্রায় ঘণ্টাব্যাপী ওই বাড়িতে অবস্থান করে নগদ ২০ হাজার টাকা, ১৫ ভরি ওজনের স্বর্ণালঙ্কার ও মূল্যবান জিনিসপত্রসহ দু'লক্ষাধিক টাকার মালামাল লুট করে পালিয়ে যায়।

১১ ডিসেম্বর ২০০৪, জনকণ্ঠ

ক্রসফায়ারে হত্যার প্রতিবাদ করায় ৪ এনজিও কর্মী গ্রেফতার

ক্রসফায়ারের নামে বিনা বিচারে হত্যার প্রতিবাদ করার অপরাধে পুলিশ চার এনজিও কর্মীকে গ্রেফতার করেছে। বিশ্ব মানবাধিকার দিবসে আয়োজিত মানববন্ধন কর্মসূচি পালনকালে নারায়ণগঞ্জ প্রেসক্লাবের সামনে থেকে এদের গ্রেফতার করা হয়।

১৮ ডিসেম্বর ২০০৪, প্রথম আলো

শীর্ষ চরমপন্থী নেতা মোফাখ্খার র‍্যাবের 'ক্রসফায়ারে' নিহত

নিষিদ্ধ ঘোষিত চরমপন্থী দল পূর্ববাংলার কমিউনিস্ট পার্টির শীর্ষ নেতা মোফাখ্খারুল ইসলাম চৌধুরী ওরফে মাহমুদ হাসান (৬০) ঢাকায় আটক হওয়ার পর গতকাল শুক্রবার ভোরে কুষ্টিয়ায় র‍্যাবের সঙ্গে ক্রসফায়ারে নিহত হয়েছে।

১৯ ডিসেম্বর ২০০৪, যুগান্তর

'র‍্যাবের সঙ্গে গোলাগুলিতে কেউ মারা গেলে তা আইনের আওতায় পড়ে না'

র‍্যাবের সঙ্গে গোলাগুলিতে কেউ মারা গেলে তা আইনের আওতায় পড়ে না। বিনা বিচারে কাউকে হত্যাও করা হচ্ছে না। নৌপরিবহন মন্ত্রী লে. কর্নেল (অব.) আকবর হোসেন বিএনপি আয়োজিত বিজয় দিবসের আলোচনা সভায় এই মন্তব্য করেছেন।

২৫ ডিসেম্বর ২০০৪, ইনকিলাব

জাতীয় গণফ্রন্টের সমাবেশে নেতৃবৃন্দ: র‍্যাব সন্ত্রাস দমনের নামে নিরীহ মানুষ হত্যা করছে

জাতীয় গণফ্রন্টের প্রতিনিধি সভা উপলক্ষে আয়োজিত উদ্বোধনী সমাবেশে আলোচকগণ বলেছেন, সন্ত্রাস দমনের নাম করে সরকার র‍্যাব দিয়ে নিরীহ মানুষ হত্যা শুরু করেছে। গডফাদাররা যাতে ধরা না পড়ে সেজন্যই এই জাতীয় হত্যাকাণ্ড শুরু করা হয়েছে বলে তারা দাবি করেন।

২৭ ডিসেম্বর ২০০৪, সংবাদ

র‍্যাব সদস্য জড়িত ডাকাতির সঙ্গে

পুলিশ বলছে সত্যতা মিলেছে, না বলেছে র‍্যাব

সরকারের এলিট ফোর্স র‍্যাবের এক সদস্যের বিরুদ্ধে ডাকাতির চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে। এই খবর জানাজানি হওয়ার পর র‍্যাব ও পুলিশ প্রশাসনে তোলপাড় সৃষ্টি হয়েছে।

১ জানুয়ারি ২০০৫, বাংলাবাজার

বিদায়ী বছর ক্রসফায়ারে নিহত ১৮২

২০০৪ সালে রাজধানীসহ সারাদেশে ক্রসফায়ারে ১৮২ জন নিহত হয়েছে। এদের মধ্যে র‍্যাবের হাতে ৮৮ জন নিহত হয়েছে। বাংলাদেশ মানবাধিকার ব্যুরো (বিএইচআরবি) থেকে এ তথ্য জানা গেছে।

৩ জানুয়ারি ২০০৫, বাংলাবাজার

র‍্যাব বিনা বিচারে মানুষকে মৃত্যুদণ্ড দিচ্ছে– ড. কামাল

জাতীয় ঐক্যমঞ্চের আহ্বায়ক বিশিষ্ট আইনজীবী ড. কামাল হোসেন বলেছেন, র‍্যাব বিনা বিচারে মানুষকে মৃত্যুদণ্ড দিচ্ছে। এটা গণহত্যা ও সংবিধানবিরোধী। র‍্যাবের ক্রসফায়ার সভ্য সমাজকে অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে।

৮ জানুয়ারি ২০০৫, যুগান্তর

ফরিদগঞ্জের পল্লীতে র‍্যাব পরিচয়ে ডাকাতি

ফরিদগঞ্জের পল্লীতে র‍্যাব পরিচয়ে ডাকাতি সংঘটিত হয়েছে। গজারিয়া গ্রামের এক ব্যাংক কর্মকর্তার বাড়িতে র‍্যাব পরিচয় দিয়ে সশস্ত্র ডাকাত দল অস্ত্রের মুখে সবাইকে জিম্মি করে প্রায় ৭০ ভরি স্বর্ণ, নগদ লক্ষাধিক টাকাসহ মোবাইল সেট ও অন্য জিনিসপত্র নিয়ে যায়।

১৪ জানুয়ারি ২০০৫, জনকণ্ঠ

বিনা বিচারে মানুষ হত্যা ক্রসফায়ারের নামে– বিচারপতি নঈমউদ্দিন

ব্লাস্ট আয়োজিত এক এডভোকেসি সভায় বিচারপতি নঈমউদ্দিন আহমেদ ক্রসফায়ারের সমালোচনা করে বলেন, আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে থাকা অবস্থায় গ্রেফতারকৃত ব্যক্তির সকল দায়িত্ব ওই বাহিনীর। যদিও সে দশটা খুন করে তাকে তবুও তাদের হেফাজতে থাকা অবস্থায় আদালতে বিচারের আগেই ক্রসফায়ারের নামে বিনা বিচারে মানুষ হত্যা করা হচ্ছে।

২১ জানুয়ারি ২০০৫, ভোরের কাগজ

পুলিশ র‍্যাব চিতা কোবরাসহ সবাই মাঠে, তারপরও ঢাকায় ছিনতাই ডাকাতি বেড়েছে

পুলিশ তো আছেই, তার ওপর এলিট ফোর্স র‍্যাব, চিতা, কোবরা। পাশাপাশি গোয়েন্দা পুলিশের ব্যাপক তৎপরতার মধ্যেও রাজধানীতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির ক্রমাবনতি ঘটেছে।

২০ জানুয়ারি ২০০৫, জনকণ্ঠ

শিবির ক্যাডার বলেই কি?

কক্সবাজারের মহেশখালীর শীর্ষ ক্যাডার আকতার হামিদও বেঁচে গেল র‍্যাবের ক্রসফায়ার থেকে। ২৯ মামলার দুর্ধর্ষ এ শিবির ক্যাডারকে গত ১৭ জানুয়ারি ঢাকার রমনা মৎস্য ভবনের সামনে থেকে গ্রেফতার করে র‍্যাব। শিবির ক্যাডারদের দেখেশুনে ক্রসফায়ার থেকে বাঁচিয়ে দেয়া হচ্ছে কিনা সে প্রশ্ন জোরালো হয়ে উঠছে। ইতোমধ্যে গত কয়েক মাসে চট্টগ্রামে ১২ জনের বেশি শিবির ক্যাডার ধরা পড়লেও কেউ এ পর্যন্ত ক্রসফায়ারে মারা যায়নি।

২৯ জানুয়ারি ২০০৫, প্রথম আলো

আওয়ামী লীগ কার্যালয়ে র‍্যাবের আকস্মিক অভিযান
নেতাকর্মীদের মধ্যে আতঙ্ক

র‍্যাপিড একশন ব্যাটালিয়ন সদস্যরা গতকাল শুক্রবার দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের কার্যালয়ে আকস্মিক অভিযান চালিয়েছে। অভিযান সম্পর্কে জানতে চাওয়া হলে র‍্যাব সদস্যরা জানায়, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে তারা এ তল্লাশি চালায়।

৩ ফেব্রুয়ারি ২০০৫, যুগান্তর

চট্টগ্রামের ৭ শিবির ক্যাডারসহ ৯ শীর্ষ সন্ত্রাসীকে র‍্যাব ধরতে পারছে না, গডফাদারদের তালিকা তৈরির প্রক্রিয়াও থমকে গেছে

চট্টগ্রামের র‍্যাবের মোস্ট ওয়ান্টেড তালিকায় ৯ শীর্ষ সন্ত্রাসীকে গ্রেফতারে সাম্প্রতিককালে র‍্যাব বারবার অভিযান চালালেও তাদের কাউকেই গ্রেফতার করতে পারছে না।

১৪ ফেব্রুয়ারি ২০০৫, ইনকিলাব

ক্রসফায়ার মানবাধিকার পরিপন্থি (ইসি দূত)

বাংলাদেশের ক্রসফায়ারের ঘটনাকে এক্সট্রা জুডিশিয়াল কিলিং হিসেবে উল্লেখ করে ইউরোপীয় ইউনিয়ন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। তারা এটাকে আইনের শাসন ও মানবাধিকারের পরিপন্থি বলে উল্লেখ করেছেন।

১৭ ফেব্রুয়ারি ২০০৫, ইত্তেফাক

খুলনা অঞ্চলে র‍্যাব ও পুলিশ সদস্যদের মধ্যে ঠাণ্ডা লড়াই

আসামি ধরাকে কেন্দ্র করে র‍্যাব সদস্যদের সঙ্গে পুলিশ সদস্যের কয়েক দফা অবাঞ্ছিত ঘটনা ঘটে। র‍্যাব সদস্যরা একজন মামলার সন্দেহভাজন আসামিকে আটক করতে গেলে পুলিশ তাদের পক্ষ নিয়ে র‍্যাবের কাছ থেকে ছাড়িয়ে নেয়ার চেষ্টা করে। এ নিয়ে ধস্তাধস্তির এক পর্যায়ে পুলিশের অস্ত্র থেকে ২ রাউন্ড ফাঁকা গুলিও ছোড়া হয়।

১৮ ফেব্রুয়ারি ২০০৫, যুগান্তর

র‍্যাব আতঙ্কে ভুগছে কিবরিয়া পরিবার

র‍্যাব আতঙ্কে ভুগছে কিবরিয়া পরিবার। কিবরিয়ার পরিবারের পক্ষ থেকে তার ধানমণ্ডির বাসভবন মালঞ্চে ডাকা এক সাংবাদিক সম্মেলনে কিবরিয়ার স্ত্রী আসমা কিবরিয়া বলেন, র‍্যাবের হাতে কিবরিয়া হত্যা মামলার দায়িত্বভার ন্যস্ত হওয়ার খবরে আমরা খুবই উদ্বিগ্ন। আমাদের আশঙ্কা, কিবরিয়া হত্যাকাণ্ডে জড়িত গুরুত্বপূর্ণ কাউকে ক্রসফায়ারে ফেলে মামলার মোড় অন্যদিকে ঘোরানোর অপচেষ্টা হতে পারে।

২৭ ফেব্রুয়ারি ২০০৫, জনকণ্ঠ

র‍্যাবের ভয় দেখিয়ে গাড়ি ব্যবসায়ীকে নির্যাতন

মতিঝিলের গাড়ি ব্যবসায়ী গোফরান আহমেদ শনিবার সংবাদ সম্মেলনে অভিযোগ করে বলেন, মিথ্যা মামলায় জড়িয়ে হয়রানি এবং তার স্ত্রী-পুত্রকে জোরপূর্বক থানায় আটক ও নির্যাতন করে ৫ লাখ ১১ হাজার টাকা হাতিয়ে নিয়েছে সুত্রাপুর থানার দারোগা সামসুদ্দোহা।

২ মার্চ ২০০৫, যুগান্তর

বাংলাদেশ মানবাধিকার সংক্রান্ত মার্কিন রিপোর্ট
র‍্যাব মানবাধিকার লংঘন করছে

মার্কিন পররাষ্ট্র দফতরের মানবাধিকার সংক্রান্ত বার্ষিক রিপোর্টে বলা হয়, র‍্যাব মারাত্মকভাবে মানবাধিকার লংঘন করছে। সংসদ সদস্য আহসানউল্ল্যাহ মাস্টার হত্যা মামলার সাক্ষী আওয়ামী লীগ কর্মী সুমন আহমেদ মজুমদারকে র‍্যাব ১৫ জুলাই গ্রেফতার করে। গ্রেফতারের পর সুমন হাসপাতালে মারা গেছে বলে স্বাধীন মানবাধিকার তদন্ত কারীরা নিশ্চিত হন।

২ মার্চ ২০০৫, প্রথম আলো

মার্কিন পররাষ্ট্র দপ্তরের মানবাধিকার বিষয়ক রিপোর্ট
র‍্যাব পুলিশ বিডিআরকে বেআইনি কাজের সঙ্গে জড়িত

২০০৪ সালের বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের জন্য পুলিশ, র‍্যাবসহ আইন শৃঙ্খলা রক্ষা বাহিনী দায়ী। নিরাপত্তা বাহিনী রাজনৈতিক প্রভাবে বিচারবহির্ভূত অসংখ্য হত্যাকাণ্ড ঘটিয়েছে। পুলিশ, বিডিআর এবং র‍্যাব এসব বেআইনি কাজের সঙ্গে জড়িত ছিল। মানবাধিকার রক্ষা ও লঙ্ঘন রোধে সরকারের কোনো কার্যকর পদক্ষেপও নেই।

৪ মার্চ ২০০৫, প্রথম আলো

ঢাকায় র‍্যাবের বিরুদ্ধে স্কুলবাস থামিয়ে শিক্ষার্থীদের শাস্তি দেয়ার অভিযোগ

স্কুলবাস থামিয়ে ছাত্রছাত্রীদের এক ঘণ্টা রাস্তায় আটকে শারীরিক শাস্তি ও অশালীন ব্যবহারের অভিযোগ উঠেছে র‍্যাবের বিরুদ্ধে। স্কলাস্টিকা স্কুলের ৮ম শ্রেণীর ছাত্রছাত্রীর স্কুলবাসে করে গুলশান আসার পথে বিশ্বরোডের কাছে র‍্যাবের একটি টহল দলকে দেখতে পায়। এ সময় শিক্ষার্থীরা র‍্যাব সদস্যদের দেখে চলন্ত বাস থেকে উৎসাহমূলক কুলসাইন (দুই হাতে বৃদ্ধাঙ্গুলি) দেখায়। একে অশ্লীল ইঙ্গিত মনে করে র‍্যাব সদস্যরা ক্ষিপ্ত হয়ে স্কুলবাসটি আটক করে। এ সময় রাস্তায় নামিয়ে কান ধরে উঠবস করায়। তাছাড়া অশ্লীল গালিগালাজও করে।

৭ মার্চ ২০০৫, ভোরের কাগজ

র‍্যাবের নির্যাতনে গুরুতর আহত যুবকের হাসপাতালে মৃত্যু

র‍্যাবের হাতে গ্রেফতারের পর অকথ্য নির্যাতনে গুরুতর আহত এক

"র‍্যাবের সঙ্গে গোলাগুলিতে কেউ মারা গেলে তা আইনের আওতায় পড়ে না। বিনা বিচারে কাউকে হত্যাও করা হচ্ছে না।"
– লে. কর্নেল (অব.) আকবর হোসেন, নৌ-পরিবহন মন্ত্রী

যুবক মারা গেছে। গ্রেফতারের পর ঐ যুবক ১৫ দিন ধরে অচেতন অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ছিল। পরবর্তীকালে সে মারা যায়।

৯ মার্চ ২০০৫, ইনকিলাব

১ লাখ টাকা ঘুষ নেয়ার সময় র‍্যাব সদস্য হাতেনাতে গ্রেফতার

ঘুষগ্রহণের সময় হাতেনাতে ধরা পড়েছে র‍্যাবের এক সদস্য। রাজধানীর গোপীবাগ রেলক্রসিং সংলগ্ন ভাই ভাই চালের দোকান থেকে ১ লাখ টাকা ঘুষ নেয়ার সময় সে গ্রেফতার হয়।

১১ মার্চ ২০০৫, ভোরের কাগজ

ঘুষ নেয়ার অভিযোগে চুয়াডাঙ্গায় ক্লোজ ২ র‍্যাব সদস্য, জেলে ৩ যুবদল নেতা

গাছ চুরি রোধ করতে গিয়ে র‍্যাবের ২ সদস্য দুর্নীতির আশ্রয় নেয়ায় তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হয়েছে।

১৪ মার্চ ২০০৫, প্রথম আলো

কথিত র‍্যাব সদস্যদের দিয়ে বাজিতপুরে যুবক নির্যাতন

পারিবারিক বিরোধের জের ধরে কিশোরগঞ্জের বাজিতপুর উপজেলার বালিগাঁও গ্রামের একটি মহল প্রতিপক্ষের এক যুবককে কথিত র‍্যাব সদস্যদের দিয়ে বর্বর নির্যাতন চালিয়েছে।

১৪ মার্চ ২০০৫, প্রথম আলো

চাঁদাবাজির সময় ২ সহযোগীসহ ভুয়া র‍্যাব ক্যাপ্টেন গ্রেফতার

র‍্যাব কর্মকর্তা পরিচয়ে চাঁদাবাজির সময় ভুয়া ক্যাপ্টেনসহ ৩ জনকে গ্রেফতার করে র‍্যাব, র‍্যাবের ক্যাপ্টেন পরিচয় দিয়ে ফোরকান (অবসরপ্রাপ্ত পুলিশ) দীর্ঘদিন ধরে চাঁদাবাজি করে আসছে।

১৫ মার্চ ২০০৫, ভোরের কাগজ

ফটো সাংবাদিককে পিটিয়ে ক্যামেরা ছিনিয়ে নিলো র‍্যাব সদস্যরা

দৈনিক যুগান্তরের ফটো সাংবাদিক এস এম গোর্কিকে পেশাগত দায়িত্ব পালনকালে র‍্যাব-৩ সদস্যরা আটকের পর মারধর করে আহত করেছে। এছাড়া তার ডিজিটাল ক্যামেরায় তোলা ছবি মুছে ফেলেছে র‍্যাব সদস্যরা।

১৭ মার্চ ২০০৫, ভোরের কাগজ

অপরাধে জড়িয়ে পড়েছে র‍্যাব সদস্যরা

বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়েছে র‍্যাব সদস্যরা। র‍্যাবের একশ্রেণীর অফিসার ও সদস্যের বিরুদ্ধে অসংখ্য অভিযোগ জমা পড়ছে সংশি-ষ্ট দপ্তরে। অভিযোগের অধিকাংশই হচ্ছে ঘুষ গ্রহণ।

১৯ মার্চ ২০০৫, ইনকিলাব

রূপগঞ্জে র‍্যাব পরিচয় দিয়ে ব্যবসায়ীর সর্বস্ব লুট

রূপগঞ্জে র‍্যাবের পরিচয় দিয়ে এক ব্যবসায়ীর নগদ টাকা, স্বর্ণের চেইন ও মোবাইল সেট ছিনিয়ে নিয়েছে ছিনতাইকারীরা।

২১ মার্চ ২০০৫, ভোরের কাগজ

পুলিশ থেকে র‍্যাবে আরো ২৩২ জন ইন্সপেক্টর নিয়োগ করা হচ্ছে

র‍্যাব বাহিনীতে পর্যাপ্ত ইন্সপেক্টর না থাকায় পুলিশের এসআই ও সার্জেন্ট থেকে ২৩২ জনকে র‍্যাবে নিয়োগ দেয়া হচ্ছে। এদিকে র‍্যাবে নিয়োগ পেতে পুলিশের এসআই ও সার্জেন্টদের মধ্যে দৌড়ঝাঁপ শুরু হয়েছে। আগে নিয়োগ পেতে এদের মধ্যে এই প্রতিযোগিতা শুরু হয়।

২২ মার্চ ২০০৫, New age

39 killed in crossfire, infighting in Kushtia.

Thirty nine hundred criminals and members of the extremist parties were killed in Kushtia during the ten months since June 1st year either nencounter with the RAB and the Police or in the Inter-party and intra-party conflict.

২৩ মার্চ ২০০৫, দিনকাল

সিদ্ধিরগঞ্জে র‍্যাবের হাবিলদার গ্রেফতার

সিদ্ধিরগঞ্জে ৫০ হাজার টাকার বিনিময়ে অস্ত্র দিয়ে ব্যাক মেইলিংয়ের মাধ্যমে এক ব্যক্তিকে ধরিয়ে দেয়ার অভিযোগে র‍্যাবের হাবিলদার তাজুলকে (নং ৫৩৪৩)পুলিশে সোপর্দ করা হয়েছে।

২৪ মার্চ ২০০৫, ইত্তেফাক

গাবতলীতে ডাকাতি করতে গিয়ে র‍্যাবের ৩ সদস্য আটক

গত ২৩ মার্চ বুধবার র‍্যাব সদস্যরা গাবতলীতে এক ব্যবসায়ীর বাসায় ডাকাতি করতে গিয়ে তিনজন গ্রেফতার হয়েছে। এ সময় র‍্যাবের ৬ সদস্য পালিয়ে যায়। গতকাল দুপুরে র‍্যাব-৪-এর সদস্য বিমান বাহিনীর দুই সার্জেন্ট আতিকুর রহমান ও অলির নেতৃত্বে ৭ সদস্য গাবতলী কোটবাড়ি ৩২ নম্বর ভবনে গরু ব্যবসায়ী রতন আলীর বাসায় গিয়ে তার কাছ থেকে ভয় দেখিয়ে ৭ লাখ ৮০ হাজার টাকা নিয়ে পালিয়ে যাওয়ার সময় তিনি চিৎকার শুরু করেন। জনতা র‍্যাব সদস্য সার্জেন্ট আতিককে আটক করে।

২৫ মার্চ ২০০৫, ভোরের কাগজ

ক্রসফায়ারের হুমকি দিয়ে টাকা লুটের মিশনে ছিল র‍্যাব সদস্যরা, আরো এক কনস্টেবল গ্রেফতার

আমি লজ্জিত: র‍্যাব সদর দপ্তরে বৈঠকের পর বাবর

গত ২৩ মার্চ গাবতলী এলাকায় গরু ব্যবসায়ী রতনের বাসায় ডাকাতি ছিল পূর্ব পরিকল্পিত। অজ্ঞাত স্থানে বৈঠক করে ধৃত র‍্যাব সদস্য বিমান বাহিনীর সার্জেন্ট আতিকুর ও তার সহযোগীরা এই ডাকাতির পরিকল্পনা করে। তাদের এই ধরনের আরো পরিকল্পনা ছিল। এদের টার্গেট ছিল ব্যবসায়ীরা। এসব মিশনের উদ্দেশ্য ছিল 'ক্রসফায়ার' হুমকি দিয়ে ক্যাশ লুটের। গাবতলীর ঘটনায় ধৃত র‍্যাব সদস্যের কাছ থেকে বেরিয়ে আসে এই তথ্য।

২৫ মার্চ ২০০৫, সংবাদ

র‍্যাবের দুর্নীতি ধরতে গোয়েন্দা লাগানো হচ্ছে

সরকার বিব্রত ও উদ্বিগ্ন, র‍্যাব সদস্যদের ব্যাংক একাউন্ট তদন্ত করা হবে, ৬ মাস পরপর বদলি, পরিবারেরও খোঁজ নেয়া হবে

দেশের সবচেয়ে বিতর্কিত বাহিনী এবং সরকারের সবচেয়ে প্রিয় এলিট ফোর্স র‍্যাপিড একশন ব্যাটালিয়নের (র‍্যাব) সন্ত্রাস, দুর্নীতি, সন্ত্রাস ও পেশাগত অসদাচরণে বিব্রত সরকার এখন র‍্যাব সদস্যদের পেছনেই গোয়েন্দা লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। র‍্যাব সদস্যদের বিভিন্ন অপরাধমূলক তৎপরতা নজরে রাখতে শিগগিরই কাউন্টার ইন্টেলিজেন্স সেল গঠন করা হচ্ছে।

২৬ মার্চ ২০০৫, প্রথম আলো

বিতর্কে জড়িয়ে এক বছর পার করলো র‌্যাব

নানা বিতর্কে জড়িয়ে পড়া পুলিশের অভিজাত বাহিনী র‌্যাপিড একশন ব্যাটালিয়নের ১ বছর পূর্তি হলো। অল্প সময়ের মধ্যে রাজধানী ঢাকাসহ সারাদেশে সংঘবদ্ধ অপরাধ তৎপরতা কমাতে র‌্যাব সফল হলেও বছরজুড়ে ক্রসফায়ারে একের পর এক সন্ত্রাসীর মৃত্যু ও অব্যাহত মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় র‌্যাবকে দেশে-বিদেশে সমালোচনার সম্মুখীন হতে হয়েছে।

২৬ মার্চ ২০০৫, ইত্তেফাক

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর জিজ্ঞাসা: দশ বারোটি খুন করে র‌্যাবের সঙ্গে এনকাউন্টারে মারা গেলে মানবাধিকারের প্রশ্ন কতটুকু যুক্তিসঙ্গত ?

র‌্যাবের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ অস্বীকার করে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর বলেছেন, যখন একজন সন্ত্রাসী ৮/১০ জন নিরপরাধ লোককে মেরে ফেলেছে তখন মানবাধিকারের প্রশ্ন ওঠেনি। একজন সন্ত্রাসী, যারা ১০/১২টি খুন করেছে, তারা র‌্যাবের সঙ্গে এনকাউন্টারে মারা গেলে মানবাধিকারের প্রশ্ন কতটুকু যুক্তিসঙ্গত তা দেখতে হবে।

২৬ মার্চ ২০০৫, ইনকিলাব

মিরপুরে ডাকাতি – র‌্যাবের ৩ সদস্যের স্বীকারোক্তি

মিরপুরে ডাকাতির ঘটনায় জড়িত তিন র‌্যাব সদস্যের রিমান্ডের প্রথম দিন অতিবাহিত হলে কয়েক দফা জিজ্ঞাসাবাদে তারা ডাকাতির সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন।

২৭ মার্চ ২০০৫, যুগান্তর

র‌্যাবের অভিযানে ৩৯৪ সন্ত্রাসী আটক

খুলনাঞ্চলে ১০ মাসে ক্রসফায়ার ও গণপিটুনিতে নিহত ১৩৭

গত ১০ মাসে খুলনাঞ্চলে র‌্যাবের অভিযানে ক্রসফায়ার ও গণপিটুনির শিকার হয়ে ১৩৭ জন নিহত হয়েছে। এ সময় শীর্ষ সন্ত্রাসীসহ ৩৯৪ জন অস্ত্রধারী ও চরমপন্থীকে আটক করা হয়। এদের নিয়ে অস্ত্র উদ্ধারের অভিযানকালে র‌্যাব ও পুলিশ হেফাজতে নিহত হয় ১৩৭ জন।

২৮ মার্চ, যুগান্তর

র‌্যাব সদস্যের বিরুদ্ধে চাঁদাবাজির মামলায় চার্জশিট দাখিল

র‌্যাবের এসআই হাফিজুর রহমান হাফিজের বিরুদ্ধে এক লাখ টাকা চাঁদাবাজির মামলায় চার্জশিট দাখিল করা হয়েছে।

২৯ মার্চ ২০০৫, প্রথম আলো

ডাকাতির ঘটনায় জড়িত তিন র‌্যাব সদস্য কারাগারে

গাবতলীর গরু ব্যবসায়ীর কাছ থেকে ৭ লাখ ৮০ হাজার টাকা ডাকাতির সঙ্গে জড়িত র‌্যাবের ৩ সদস্যকে কারাগারে পাঠানো হয়েছে। দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক তৌফিকুল আলম তিনজনের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

৩১ মার্চ ২০০৫, ইনকিলাব

এক বছরে রাজশাহীতে র‌্যাবের সাথে ক্রসফায়ারে ৭ জন নিহত, গ্রেফতার ২০২

র‌্যাব-৫-এর প্রথম বার্ষিক রিপোর্টে প্রকাশ করা হয়েছে, রাজশাহী অঞ্চলে র‌্যাবের ক্রসফায়ারে ৭ জন অপরাধী মারা যায়। এদের মধ্যে সকলেই সর্বহারা দলের সদস্য ছিল।

১ এপ্রিল ২০০৫, নিউ এইজ

Moudud terms US report on human rights baseless

The Law, Justice & Parliamentary affairs, minister, Moudud Ahmed, on Thursday dismissed a US State Department report on human rights and democracy as neither balanced non objective. He dismissed the state department claim that the governments for human rights record during 2004. He claimed that only listed criminal had been killed in shoot out with the Rapid Action Battalion and that no innocent people or political personalities had been killed in cross-fire. He inspired that human rights of 14 crore people were move important to the government than the human rights of the criminals killed in encounter.

৩ এপ্রিল ২০০৫ , ইত্তেফাক

বিয়ানীবাজারে আমেরিকা প্রবাসীসহ ৩ জন র‌্যাবের হাতে গ্রেফতার

র‌্যাব সদস্যরা সিলেটের বিয়ানীবাজার উপজেলার মুড়িয়া ইউনিয়নের মুদাদিয়া গ্রামের একজন আমেরিকা প্রবাসী ও অপর তিন ব্যক্তিকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতদের নির্যাতনের অভিযোগ করেছে সংশিষ্ট সূত্র। থানার ওসি জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে থানায় কোন মামলা নেই।

৪ এপ্রিল ২০০৫, প্রথম আলো

র‌্যাবের হাতে গ্রেফতার চুয়াডাঙ্গার ওয়ার্কার্স পার্টি নেতার মৃত্যু

র‌্যাপিড একশন ব্যাটালিয়নের হাতে গ্রেফতারের পর থেকে কারাবন্দি বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সম্পাদক শ্যামল সরকার (৪৫) গত শনিবার রাতে যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

৫ এপ্রিল ২০০৫, সংবাদ

বিধিমালা হচ্ছে

আত্মরক্ষার্থে র‌্যাব যে কোনো ব্যবস্থা নিতে পারবে

র‌্যাবের বিরুদ্ধে মামলা করতে অনুমতি লাগবে। মামলায় হেরে গেলে বাদির সাজা হবে আসামির মতো।

"আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে থাকা অবস্থায় গ্রেফতারকৃত ব্যক্তির সকল দায়িত্ব ওই বাহিনীর।"

– বিচারপতি নঈমউদ্দিন আহমেদ

৬ এপ্রিল ২০০৫, সংবাদ

জোট প্রার্থীকে বিজয়ী করতে র‌্যাব ব্যবহার করা হচ্ছে: আখতারুজ্জামান বাবু

চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সভাপতি আখতারুজ্জামান চৌধুরী বাবু বলেছেন, মেয়র নির্বাচনে জোট সরকার নিজেদের প্রার্থীকে বিজয়ী করতে র‌্যাবকে ব্যবহার করছে। নেতাকর্মীদের ভয়ভীতি দেখানোর জন্যই তারা র‌্যাবকে দিয়ে দক্ষিণ জেলা আওয়ামী লীগের সদস্য ইঞ্জিনিয়ার ইসলাম আহমদকে গ্রেফতার করেছে, অথচ তার বিরুদ্ধে থানায় কোনো মামলা এমনকি জিডি পর্যন্তও নেই।

১০ এপ্রিল ২০০৫, ভোরের কাগজ

র‌্যাব নিয়ে প্রশ্ন তুলেছেন মার্কিন মন্ত্রী

র‌্যাবের কর্মকাণ্ড নিয়ে প্রশ্ন তুলেছেন বাংলাদেশ সফররত দক্ষিণ এশিয়া বিষয়ক মার্কিন উপসহকারী পররাষ্ট্রমন্ত্রী জন এন্থনি গ্যাসট্রাইট। তিনি র‌্যাবের সাম্প্রতিক কর্মকাণ্ড, ক্রসফায়ারে মৃত্যু ইত্যাদি সম্বন্ধে জানতে চেয়েছেন।

১২ এপ্রিল ২০০৫, জনকণ্ঠ

যশোরে প্রতিবেশীর বাড়িতে র‌্যাব সদস্যের হামলা-লুট মিথ্যা মামলা দিয়ে হয়রানি

এক র‌্যাব সদস্যের অত্যাচারে অতিষ্ঠ হয়ে পড়েছে এক অসহায় পরিবার। ওই র‌্যাব সদস্যের পোস্টিং চট্টগ্রামে হলেও যশোরে এসে তিনি প্রতিবেশী একজনের বাড়িঘর ভেঙে মালামাল লুট করেছেন, মিথ্যা হত্যা মামলায় পুলিশ দিয়ে আটক করিয়েছেন।

১৩ এপ্রিল ২০০৫, ইত্তেফাক

কালীগঞ্জে র‌্যাব পরিচয়ে ডাকাতি

ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার শালিকাগ্রামে র‌্যাব পরিচয়ে কয়েকটি বাড়িতে ডাকাতি হয়েছে। সশস্ত্র ডাকাতরা প্রায় ২ লাখ টাকার মালামাল লুট করেছে।

১৬ এপ্রিল ২০০৫, ডেইলি স্টার

European Parliament adopts ressolution

Blaming the RAB for extra-judicial killings, the (Members of European Parliament) MEP, urged the government to put an end to the anti-crime operations by the paramilitary force. They referred to the figures provided by a Bangladeshi human rights organization “Odhikar” – to say that there were 90 publicly reported custodial death due to torture in 2004.

১৮ এপ্রিল ২০০৫, ডেইলি স্টার

Criminal dies after Rab arrest

A listed criminal, arrested by the Rapid Action Battalion (RAB), died in police custody Saturday night of the Chittagong Medical College and Hospital (CMCH). Members of the RAB arrested Enamul Haq (35), on Monday night from Panchhari area of Lohagora (Ctg.)

২২ এপ্রিল ২০০৫, যুগান্তর

বিচার-বহির্ভূত হত্যা ও নির্যাতন বন্ধের আহ্বান জানিয়েছে এ এইচ আর সি

বিচার-বহির্ভূত হত্যা ও পুলিশ নির্যাতন বন্ধ করার জন্য দেশের সরকারের প্রতি এশিয়ান হিউম্যান রাইটস কমিশন (এ এইচ আর সি) আহবান জানিয়েছে। কমিশন ক্রসফায়ার ও র‌্যাব এই দুই বিষয়কে সাধারণ মানুষের ভীতির কারণ হিসেবে উল্লেখ করেছে। এ ব্যাপারে বলা হয়েছে, বিচার-বহির্ভূত হত্যার মুখে সাধারণ মানুষ অসহায় হয়ে পড়েছে। যে কারণে মানুষ মনে করে যে কেউ যে কোন সময় হত্যার শিকার হতে পারে।

২৬ এপ্রিল ২০০৫ , সংবাদ

খুলনায় র‌্যাবের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ, তদবিরে ছাড়া পেয়েছে ২ যুবক।

নানাজনের তদবিরে খুলনায় র‌্যাব দপ্তরে চলছে তুঘলকি কাণ্ড। সন্দেহভাজন ২ জনই ছাড়া পেয়েছে তদবিরের জোরে। আসামির স্বীকারোক্তিতে অস্ত্র উদ্ধার করলেও তা দেখানো হয়েছে পরিত্যক্তভাবে। সংশিষ্ট একটি সূত্র জানায়– আসামি ধরা এবং ছাড়ার ক্ষেত্রে খুলনা র‌্যাবে চলছে তুঘলকি কাণ্ড। অস্ত্রসহ আটক হওয়া সন্ত্রাসী নান্টু ও সেন্টু স্থানীয় জনপ্রতিনিধির তদবিরে ছাড়া পায় র‌্যাবের হাত থেকে।

২৭ এপ্রিল ২০০৫, ভোরের কাগজ

র‌্যাবের ভয়ে ৫ মাস পালিয়ে থাকার পর প্রত্যাবর্তন

সেনাসদস্যরা আমার ৪০ হাজার টাকা আত্মসাৎ করে: জাহাঙ্গীর

র‌্যাবের ভয়ে গা ঢাকা দেয়া মহানগর যুবদলের আহবায়ক ও বাংলাদেশ ইন্ডাস্ট্রি মার্চেন্ট এসোসিয়েশনের সভাপতি জাহাঙ্গীর আলম দীর্ঘ ৫ মাস পর গতকাল মঙ্গলবার নারায়ণগঞ্জে প্রত্যাবর্তন করে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন। সম্মেলনে তিনি দাবি করেন, ক্লিনহার্ট অপারেশনে সেনাবাহিনীর সদস্যরা তাকে আটক করে তার পকেটে থাকা ৪০ হাজার টাকা আত্মসাৎ করে। সে ঘটনা ফাঁস হওয়ার কারণে তাকে অনেক ভয়ভীতি দেখানো হয়। এরপর সামান্য অজুহাতে র‌্যাব আমাকে প্রাণনাশের হুমকি দেয়।

২৯ এপ্রিল ২০০৫, প্রথম আলো

ঢাকায় পুলিশ ও যশোরে র‌্যাবের ক্রসফায়ারে নিহত ২

ঢাকা ও যশোরে পুলিশ এবং র‌্যাবের সঙ্গে সন্ত্রাসীদের বন্দুকযুদ্ধের সময় ক্রসফায়ারে পড়ে দু'জন নিহত হয়।

২৯ এপ্রিল ২০০৫, জনকণ্ঠ

সদস্যদের বিরোধিতার মুখে র‌্যাব নিয়ন্ত্রণে বিধি প্রণয়ন থেকে পিছু হটল সরকার

এলিট ফোর্স র‌্যাপিড একশন ব্যাটালিয়ন র‌্যাব সদস্যদের অপরাধ নিয়ন্ত্রণে কঠোর শাস্তির বিধান রেখে বিধি তৈরি আপাতত হচ্ছে না। আদৌ হবে কিনা তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। জানা গেছে, র‌্যাবের বিরোধিতার কারণে বিধি তৈরি থেকে সরে দাঁড়িয়েছে সরকার। বিধি করা না হলেও র‌্যাব অনুশাসনের আইওয়াশ হিসেবে ১০ দিনের মধ্যে করা হচ্ছে সামরিক বিধি।

অপর সূত্রে জানায়, সাময়িক বিধি করার নামে মূল বিধি হিমাগারে পাঠানো হয়েছে। সাময়িক বিধি করলেও তা থাকবে আইওয়াশ মাত্র। ▯